

প্রধানমন্ত্রীর সেশেলস,মরিশাস ও শ্রীলংকা সফর(১০-১৪ মার্চ ২০১৫)

২০১৫ সালের প্রথম বিদেশ সফরে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১০-১৪ মার্চ ২০১৫ সেশেলস,মরিশাস ও শ্রীলংকা সফর করবেন।

১১ মার্চ প্রধানমন্ত্রী সেশেলসে প্রেসিডেন্ট জেমস আলেকসিস মাইকেলের সংগে আমাদের সমুদ্রপথের সহযোগিতা সুদৃঢ় করা ও উন্নয়নমূলক সহযোগিতা বৃদ্ধির উদ্দেশ্যে দ্বিপাক্ষিক বৈঠক করবেন।

১১-১২ মার্চ,প্রধানমন্ত্রী মরিশাসে আমাদের উভয় দেশের মধ্যে বিদ্যমান বিশেষ ও অনন্য বৈশিষ্ট্যের সম্পর্ক সম্প্রসারণে প্রধানমন্ত্রী স্যার অনিরুদ্ধ জগনাথের সংগে বিস্তারে আলোচনা করবেন এবং জাতীয় দিবস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত হবেন।

১৩-১৪ মার্চ , প্রধানমন্ত্রী শ্রীলংকায় প্রেসিডেন্ট মৈত্রীপালা সিরিসেনার সংগে বৈঠক করবেন এবং সেদেশের বিস্তৃত রাজনৈতিক গোষ্ঠীর শীর্ষ নেতৃত্বের সংগে আলোচনা করবেন।

এই বৈঠকে সর্বোচ্চ রাজনৈতিক নেতৃত্বের সংগে নিবিড় সম্পর্ক স্থাপনের সুযোগ তৈরি হবে এবং অভিন্ন স্বার্থের প্রধান বিষয়গুলিতে পারস্পরিক সহযোগিতা ও বোঝাপড়া সম্প্রসারিত হবে।

সমুদ্রপোকুলবর্তী প্রতিবেশি বন্ধু দেশগুলিতে প্রধানমন্ত্রীর সফর ভারত মহাসাগর অঞ্চলে সম্পর্ক বৃদ্ধির পরিচায়ক।

নয়াদিল্লি

৬ মার্চ ২০১৫